দৈনিক ইত্তেফাক

14

তারিখ 29 OCT 1995
পৃষ্ঠা 7 কলাম 2

# সলিমুল্লাহ মেডিকেল হোস্টেল হইতে ছাত্রলীগ কর্মীদের বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ।। গত বৃহস্পতিবার রাত্রে স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের প্রধান ছাত্রাবাসে বিবদমান দুইদল ছাত্রের মধ্যে ব্যাপক সংঘর্ষ, বোমাবাজি, গোলাগুলী ও ভাংচুরের ঘটনা ঘটিয়াছে। কলেজের একটি সূত্র জানায়, ছাত্রলীগের দেবু নামের একজন ছাত্র গত বৃহস্পতিবার সন্ধ্যার পর কয়েকজন বহিরাগতকে নিয়া ছাত্রাবাসে আসিলে উত্তেজনা সৃষ্টি হয়। (১১শ পৃ: ৩-এর ক: দ্র:)

## সলিমুল্লাহ মেডিকেল

( ১ম পৃষ্ঠার পর )

সূত্রটির মতে এই ঘটনার জের হিসাবে রাতে ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগের কর্মীদের উপর ব্যাপক হামলা চালায়। এই সময় ছাত্রলীগের কর্মীদের বহু কক্ষ ভাংচুর ও তছনছ করা হয়। হামলাকারীরা হোস্টেল হইতে ছাত্রলীগের প্রায় সকল কর্মীদের বাহির করিয়া দেয়। এ ব্যাপারে ছাত্রলীগের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত বৃহস্পতিবার রাত ১০টায় স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের ছাত্রবাসে ছাত্রদলের কর্মীরা আগ্নেয়াস্ত্র নিয়া বিনা উস্কানিতে ছাত্রলীগের কর্মীদের উপর হামলা চালায়। ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগ কর্মীদের ছাত্রদলের যোগদান করিতে বাধ্য করার চেষ্টা চালায়। বিদ্যুৎ, সোহেল, খোকন, অমল, সজল, উজ্জলসহ প্রায় শতাধিক কর্মীর উপর দৈহিক নির্যাতন করা হয়। বিদ্যুৎকে রাইফেলের বাট দিয়া আঘাত করার ফলে তাহার মাথা দিয়া রক্তক্ষরণ হয়। ছাত্রদলের কর্মীরা ছাত্রলীগের কর্মীদের হোস্টেলে প্রথমে জিম্মি করিয়া আটকাইয়া রাখিলেও পুলিশ সহায়তা করে নাই। অভিযোগ করা হয়, ছাত্রলীগের কর্মীদের বাহির করিয়া দেওয়ায় পর হোস্টেলে পুলিশ মোতায়েন করা হইয়াছে। ছাত্রলীগ নেতৃবৃন্দ এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাইয়াছে।

এদিকে কলেজের অধ্যক্ষ এম এ শাকুর ঘটনার সত্যতা স্বীকার করিয়া বলিয়াছেন, তিনি ছাত্রদল ও ছাত্রলীগ নেতাদের সহিত কথা বলিয়াছেন। হোস্টেলে পুলিশ মোতায়েন করা হইয়াছে।